

দ্বিতীয় সংস্করণ
ইত্তেফাক

৩৯ হাজার ৩১৭ জন শিক্ষককে নিয়োগের সুপারিশ করেছে

প্রকাশ : ২৫ জানুয়ারি ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ইত্তেফাক রিপোর্ট

১৫ হাজার ১৫৭টি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে ৩৯ হাজার ৩১৭ জন শিক্ষককে নিয়োগের সুপারিশ করেছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।
বৃহস্পতিবার রাতে এনটিআরসিএর বিজ্ঞপ্তিতে ক্ষেত্রে তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ১৫ হাজার ১৫৭টি প্রতিষ্ঠান ৩৯ হাজার ৩১৭টি পদের বিপরীতে যথাযথ শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন নিবন্ধনধারী আবেদনকারীদের মধ্য থেকে প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটা প্রুণ সাপেক্ষে সম্মিলিত জাতীয় মেধা তালিকা অনুসরণ করে সর্বোচ্চ মেধাধারীকে নিয়োগ দিতে সুপারিশ চূড়ান্ত করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও প্রার্থীকে এসএমএসের মাধ্যমে অবহিত করা হয়েছে। সুপারিশকৃত প্রার্থীদের তালিকা দেখার জন্য <http://ntrca.gov.bd> অথবা <http://ngi.teletalk.com.bd> এ ক্লিক করতে হবে।

১৩২টি প্রতিষ্ঠানের ভুল চাহিদাজনিত কারণে ২১৮টি পদে নিয়োগের সুপারিশ আপাতত স্থগিত রাখা হয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানিয়েছে এনটিআরসিএ।

ফলাফলের বিষয়ে কোনো জিজ্ঞাসা, প্রশ্ন বা মতামত থাকলে ৮১০৩০০৮৩, ৮১০৩০০৮৭, ৮১০৩০১২৯, ০১৮১৪৩৪৬৪৩৪, ০১৭৮৬৪৭৯৩৫২, ০১৫৫৮০৫৬১৪২ নম্বরে যোগাযোগ করতে বলেছে এনটিআরসিএ।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ মেশন প্রিন্টিং প্রেস,
কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।